

4th Round of India-Guyana Foreign Office

Consultations

November 29, 2022

চতুর্থ দফার ভারত-গায়ানা বিদেশ দপ্তর পরামর্শ

নভেম্বর 29, 2022

ভারত এবং গায়ানার মধ্যে চতুর্থ দফার বিদেশ দপ্তর পরামর্শ 28শে নভেম্বর 2022 তারিখে জর্জটাউনে অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় দলের নেতৃত্ব দিয়েছেন পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের সচিব (পূর্ব) শ্রী সৌরভ কুমার এবং গায়ানীজ দলের নেতৃত্ব দিয়েছেন সমবায় প্রজাতন্ত্রী গায়ানার বিদেশ বিষয়ক এবং আন্তর্জাতিক সহযোগিতা মন্ত্রকের বহুপাক্ষিক বিষয়ক দপ্তরের নির্দেশক রাষ্ট্রদূত জর্জ তালবট।

2. প্রাতিষ্ঠানিক পারস্পরিক আদানপ্রদানটি, রাজনৈতিক, বাণিজ্য ও অর্থনৈতিক, তেল এবং গ্যাস, খাদ্য সুরক্ষা, কৃষি, স্বাস্থ্য এবং ঔষধ নির্মাণ, আইসিটি, শিক্ষা এবং বিজ্ঞান ও প্রযুক্তি, উন্নয়ন অংশীদারিত্ব, জলবায়ু পরিবর্তন এবং সংস্কৃতির মত ক্ষেত্র সহ দ্বিপাক্ষিক সম্পর্কের ব্যাপক পর্যালোচনা করার সুযোগ করে দিয়েছে। দুই পক্ষ পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়গুলি নিয়ে এবং সিএআরআইসিওএম সহ বহুপাক্ষিক সংস্থাগুলিতে সহযোগিতার উপরে মত বিনিময়ও করেছে।

3. সচিব (পূর্ব) সমবায় প্রজাতন্ত্রী গায়ানার রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি ডঃ মহম্মদ ইরফান আলি-র সাথে সাক্ষাৎ করেছেন। রাষ্ট্রপতির সাথে ছিলেন উপরাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত ভারাত জাগদেও, বিদেশ বিষয়ক এবং আন্তর্জাতিক সহযোগিতা মন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত হাগ টোড এবং গণপূর্ত মন্ত্রকের মন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত ইন্দার দেওদাত। রাষ্ট্রপতি ব্যক্ত করেছেন যে, দুটি দেশ শুধুমাত্র অভিন্ন ঐতিহ্য ভাগ করে নেয় না তার সাথে অভিন্ন মূল্যবোধও ভাগ করে নেয়। তিনি দ্বিপাক্ষিক সম্পর্ক শক্তিশালী করার প্রয়োজনীয়তার উপরে জোর দিয়েছেন এবং গায়ানা দ্রুত বৃদ্ধি এবং বিকাশের জন্য প্রস্তুত হয়ে রয়েছে সেই কথা বিশেষভাবে উল্লেখ করেছেন। দুইপক্ষ তেল এবং গ্যাস, পরিকাঠামো প্রকল্প, প্রতিরক্ষা সহযোগিতা, ক্ষমতা নির্মাণ এবং গায়ানার দক্ষ মানবশক্তির প্রয়োজনীয়তা সহ বিস্তৃতি ক্ষেত্র নিয়ে আলোচনা করেছে। সচিব (পূর্ব), রাষ্ট্রপতি আলিকে 17তম প্রবাসী ভারতীয় দিবসের ব্যবস্থাপনার বিষয়ে অবগত করেছেন, যিনি ভারতের প্রধানমন্ত্রীর আমন্ত্রণে সেই অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন।

4. সচিব(পূর্ব), জর্জ টাউনে সিএআরআইসিওএম-এর মুখ্য কার্যালয়ে উপ মহা সচিব হিজ এম্ব্লেসি ডঃ আর্মস্ট্রং অ্যালেক্সিস -এর সাথে সাক্ষাৎ করেছেন। দুইপক্ষ ভারত- সিএআরআইসিওএম সম্পর্কের সাম্প্রতিক গতিবৃদ্ধিকে স্বাগত জানিয়েছে এবং আগামী দিনে আরও শক্তিশালী করার ক্ষেত্রে একসাথে কাজ করার জন্য সম্মত হয়েছে।

5. উভয়পক্ষ একটি পরবর্তী পরামর্শ পারস্পরিক সুবিধাজনক তারিখে নিউ দিল্লিতে অনুষ্ঠিত করার জন্য সম্মত হয়েছে।

জর্জটাউন

নভেম্বর 28, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.